

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১হাণ্ ।

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

### আরবী

#### বাংলা

২৮২২-[১৬] সামুরাহ্ বিন জুনদুব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবের বিনিময়ে জীব বাকিতে বিক্রি করতে নিষেধ করেছেন। (তিরমিযী, আবূ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৩৫৬, নাসায়ী ৪৬২০, তিরমিয়ী ১২৩৭, ইবনু মাজাহ ২২৭০, সহীহ আল জামি' ৬৯৩০।

#### ব্যাখ্যা

व्याचा: (نَهٰى عَنْ بَيْعِ الْحَيَوَانِ بَالْحَيَوَانِ نَسِيتًةً) ''প্রাণীর বিনিময়ে প্রাণী বাকীতে বিক্রয় করতে নিষেধ করেছেন''।

ইমাম শাওকানী (রহঃ) নায়লুল আওত্বার-এ বলেনঃ জুমহূর 'উলামাগণের মতে প্রাণীর বিনিময়ে প্রাণী বিক্রয় করা বৈধ। তা বাকীতেই হোক আর নগদই হোক। সমান সমান হোক অথবা কমবেশী হোক।

ইমাম মালিক (রহঃ)-এর মতে, ভিন্ন জাতীয় প্রাণী হলে কমবেশী করে বিক্রয় করা বৈধ।

জুমহূর 'উলামাগণ বলেনঃ সামুরাহ্ কর্তৃক বর্ণিত হাদীসটি য'ঈফ। পক্ষান্তরে সহীহ হাদীস দ্বারা প্রমাণিত যে, প্রাণীর বিনিময়ে প্রাণী বাকীতে বিক্রয় করা বৈধ। তবে ইমাম শাফি'ঈ আরো বলেনঃ যদি উভয়ের পক্ষ থেকেই অর্থাৎ ক্রেতা ও বিক্রেতা উভয়ের পক্ষ থেকেই বাকী হয় তাহলে এ ধরনের বিক্রয় বৈধ নয়। (মিরকাতুল মাফাতীহ)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন